ফেসবুক লাইভে এসে প্রধানমন্ত্রীকে গালি দেওয়া তালেবকে গ্রেফতার করেছে ডিবি পুলিশ

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়ীয় গ্রামে ফেসবুক লাইভে এসে প্রধানমন্ত্রীকে গালি দেওয়া আবু তালেবকে গ্রেফতার করেছে ডিবি পুলিশ।

ডিবির ওসি সাইফুল আলমের নেতৃত্বে ২দিন ধরে ডিবির একটি টিম যশোর, চুয়াডাঙ্গা ও মেহেরপুরের কয়েকটি গ্রামে অভিযান চালানোর পর বুধবার রাত সাড়ে ৯টার দিকে গাংনী উপজেলার সহগলপুর থেকে তাকে গ্রেফতার করতে সক্ষম হয়।

ডিবির ওসি সাইফুল আলম বলেন, আবু তালেব শনিবার রাতে তেলের দাম বৃদ্ধি হওয়ায় নিজ ফেসবুক আইডিতে লাইভে এসে প্রধানমন্ত্রীকে উদ্দেশ্যে করে গালিগালাজ করে। যা রাষ্ট্রদ্রোহ অপরাধের শামিল।

উর্ধতন কর্মকর্তাদের নির্দেশে তাকে গ্রেফতারের জন্য দুই দিন ধরে তাকে যশোর, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলায় অভিযান চালানো হয়। পরে গাংনী উপজেলার সহগলপুর থেকে তাকে আটক করে প্রথমে ডিবি কার্যালয়ে এবং পরে গাংনী থানায় সোপর্দ করা হয়।

এ ঘটনায় গাংনী থানায় ডিজিটাল নিরাপত্তা আইন এবং রাষ্ট্রদ্রোহ মামলায় গ্রেফতার দেখানো হয়েছে।

যশোর অঞ্চলের টেকসই কৃষি

সম্প্রসারণ প্রকল্প’র পিডি হলেন রমেশ চন্দ্র ঘোষ

যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্প’-এর প্রকল্প পরিচালক (পিডি) হিসেবে নিয়োগ পেলেন কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ। তিনি কুষ্টিয়ার মিরপুর উপজেলা কৃষি কর্মকর্তা হিসেবে কর্মরত।

রাষ্ট্রপতির আদেশক্রমে বুধবার কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ-১ শাখার উপ-সচিব মো. জসিম উদ্দিন স্বাক্ষরিত স্মারকের এক প্রজ্ঞাপনে এ সিদ্ধান্তের কথা জানানো হয়। কৃষি মন্ত্রণালয় এ তথ্য নিশ্চিত করে।

চলতি বছরের ২৮ জুন জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পটির অনুমোদন দেওয়া হয়।

প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগপ্রাপ্ত কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ ২০১৫ সালে কুষ্টিয়ার মিরপুর উপজেলা কৃষি কর্মকর্তা হিসেবে যোগদান করেন। এরপর থেকে তিনি অদ্যবধি একই পদে কর্মরত। এর আগে, কৃষি ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখার স্বীকৃতিস্বরূপ বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরষ্কার পেয়েছিলেন মিরপুর উপজেলা কৃষি কর্মকর্তা রমেশ চন্দ্র ঘোষ।

শিক্ষা জীবনে রমেশ চন্দ্র ঘোষ সাতক্ষীরার কলারোয়া উপজেলার দেয়াড়া মাধ্যমিক বিদ্যালয় থেকে ১৯৯৯ সালে বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি, পরে কলারোয়া সরকারি কলেজ থেকে এইচএসসি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) থেকে ২০০৭ সালে স্নাতক (সম্মান) এবং ২০০৯ সালে একই বিশ্ববিদ্যালয় থেকে কৃষি সম্প্রসারণ শিক্ষা বিভাগ থেকে তিনি এমএস ডিগ্রি লাভ করেন।

চাকরি জীবনে বিসিএস (কৃষি) ২৯তম ক্যাডার হিসেবে ২০১১ সালে বাগের হাটের রামপাল উপজেলায় উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা হিসেবে যোগদান করেন। পরে দেড় বছরের মাথায় বদলি হয়ে যোগদান করেন খুলনার দৌলতপুর মেট্রোপলিটন কৃষি অফিসে। সেখান থেকে পদোন্নতি পেয়ে ২০১৫ সালে মিরপুর উপজেলা কৃষি কর্মকর্তা হিসেবে যোগদান করেন।

রমেশ চন্দ্র ঘোষ সাতক্ষীরার কলারোয়া উপজেলার দেয়াড়া ইউনিয়নের

দেয়াড়া গ্রামের রাধাপদ ঘোষ এবং স্মৃতি রাণী ঘোষের ছেলে। পারিবারিক জীবনে রমেশ চন্দ্র ঘোষ দুই কন্যা সন্তানের জনক। তার পরিবারে মা, বাবা, ভাই, বোন, স্ত্রী, কন্যাসহ মোট ১৪ জন সদস্য রয়েছে।

জানা গেছে, কৃষক সংগঠন তৈরি, ফল বাগান সৃজন, নিরাপদ ফসল ও সবজি উৎপাদন, কৃষি যান্ত্রিকীকরণ, জৈবসার উৎপাদন, ইঁদুর নিধন, কৃষি বাতায়নের সহায়তায় মিরপুর উপজেলায় কৃষি উন্নয়নে রমেশ চন্দ্র ঘোষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তার উদ্যোগে মিরপুর উপজেলায় ৫৩৬টি কৃষক সংগঠন, ১টি কৃষি পাঠাগার স্থাপন করা হয়েছে। কৃষি বাতায়নে মিরপুর উপজেলার ৫০ হাজার ৮৩০ জন কৃষকের তথ্য দেন তিনি।

বোরো মৌসুমে মিরপুর উপজেলার ১৭ হাজার কৃষকের ধানের ব্লাস্ট রোগ সংশ্লিষ্ট সতর্কবার্তা পাঠিয়েছেন। তার কর্মতৎপরতায় মিরপুর উপজেলায় ২৪২টি ফল বাগান, ২০ হাজার তালবীজ রোপণ, ৩ হাজার ৮০০ হেক্টর শস্যের বহুমুখীকরণ, ৫৭২০ পিট জৈব সার উৎপাদন, ২ হাজার ৭০০ হেক্টর ধৈঞ্চা চাষ, ২১৫টি কৃষি যন্ত্রপাতি বিতরণ, আমন ধানের ক্ষেতে শতভাগ পার্চিং, সবজি ক্ষেতে সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন এবং ১ লাখ, ২১ হাজার, ৫৩৪টি ইঁদুর নিধন করা হয়েছে।

এছাড়া উঠান বৈঠক, মাঠ দিবস, কৃষক সমাবেশ, কৃষি বায়োস্কোপ ইত্যাদির মাধ্যমে কীটনাশকের ব্যবহার কমিয়ে এনেছেন। রমেশ চন্দ্র ঘোষ বলেন, আমি চাই কৃষকের উন্নয়ন, কৃষির উন্নয়ন।

আধুনিক কৃষি প্রযুক্তির মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন করে কৃষি এবং কৃষকের উন্নয়ন ঘটানোর চেষ্টা করি। যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পে কৃষি ও কৃষকদের জীবনযাত্রার মান উন্নয়নসহ টেকসই কৃষি সম্প্রসারণ ঘটবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

দামুড়হুদা কৃষি অফিসারের

বিরুদ্ধে প্রান্তিক কৃষকদের সাংবাদিক সম্মেলন

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম দুর্নীতি ও মুখ চিনে সরকারি প্রণোদনা দেয়ার অভিযোগ তুলে বঞ্চিত প্রান্তীক কৃষকরা দামুড়হুদা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলন করেছে।

বুধবার দুপুর ১ টার সময় দামুড়হুদা প্রেসক্লাবে উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আসা প্রান্তিক কৃষকরা এ সাংবাদিক সম্মেলন করেন। সাংবাদিক সম্মেলনে বঞ্চিত প্রান্তিক কৃষকরা

লিখিত বক্ত্যেবে বলেন, আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিভিন্ন গ্রামের প্রান্তিক কৃষক। আমরা দামুড়হুদা উপজেলা কৃষি অফিসের মাধ্যমে কৃষি ও কৃষক সমাজের উন্নয়নে বর্তমান সরকারের বিনামূল্যে দেওয়া বিভিন্ন কৃষি উপকরণের কৃষি প্রদর্শনী চাষ সহ প্রণোদনার সুবিধা কোনো প্রকার বরাদ্দ ও সুযোগ-সুবিধা পাই না।

কৃষি ও কৃষকের উন্নয়ন-কল্যানে সরকারের মহতি উদ্যোগ বাঁধা গ্রস্ত হয়েছে বলে আমারা কৃষক হিসেবে বুঝতে পেরেছি। আমাদের জানামতে, দামুড়হুদা উপজেলার বেশীরভাগ প্রাপ্তিক কৃষকরা সরকারি সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হয়েছে।

দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান তার নিকট আত্মীয় সামসুল ইসলাম মেম্বারকে দামুড়হুদা উপজেলা কৃষক সংগঠন সিআইজির সভাপতি বানিয়ে সরকারের বরাদ্দকৃত কৃষি উপকরণ, প্রণোদনা ও প্রদর্শনী প্লটের বরাদ্দ সহ বিভিন্ন কৃষি উপকরণে ব্যাপক অনিয়ম করে আসছেন।

যা মাঠ পর্যায়ে তদন্ত করলে প্রদর্শনী প্লটে ব্যাপক অনিয়ম ও দূর্ণীতি ধরা পড়বে। কৃষিক্ষাতে উন্নয়নে সরকারের মহতি কমসূচির উদ্দেশ্য ও লক্ষ্য মাত্রা এ ধরনের কৃষি কর্মকর্তার অনিয়মের কারনে ব্যাহত হচ্ছে ।

এ এলাকার সরকারি সুবিধা বঞ্চিত কৃষকদের জোরদাবী দামুড়হুদা উপজেলা কৃষি অফিসের মাধ্যমে বাস্তবায়িত কৃষি প্রকল্প সমূহ সরজমিন তদন্ত ও প্রকৃত কৃষকরা যাতে সরকারি কৃষি সুবিধা পাই সে বিষয়ে

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি ।

সেই সাথে সম্প্রতি দামুড়হুদা কৃষি অফিসার কতৃক সাংবদিক লাঞ্চিত ঘটনার তিব্র নিন্দা, প্রতিবাদ ও তদন্ত পূর্বক শাস্তির দাবি জানায়।

এসময় কার্পাসডাঙ্গা ইউনিয়স কুষক জেটের সভাপতি মোঃ মনোয়ার হোসেন, কৃষক মোঃ আনিসান তুহিন, মোঃ শফিকুল ইসলা, মোঃ মিজানুর রহমান, মোঃ সাইদুর রহমান মোঃ জুনায়েদ হোসেন সহ উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আসা প্রান্তিক কৃষক ও দামুড়হুদা প্রেসক্লাব ও দর্শনা প্রেসক্লাব এর সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন ।

ঝিনাইদহের কালীগঞ্জে স্বামীর হাতে স্ত্রী খুন

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় পারুল খাতুন (৪৫) নামে এক গৃহবধূকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে তার স্বামীর বিরুদ্ধে।

গত মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ৩টার দিকে উপজেলার চাঁদবা-একতারপুর গ্রামে এ হত্যাকাণ্ড ঘটে। এ ঘটনায় ওই গৃহবধূর স্বামী মতিয়ার রহমান পলাতক রয়েছেন।

স্থানীয়রা জানান, পারিবারিক কলহের জের ধরে প্রায়ই তাদের মধ্যে ঝগড়া হতো। মঙ্গলবার রাতে বাকবিতণ্ডার একপর্যায়ে পারুলকে পিটিয়ে ও কুপিয়ে জখম করে মতিয়ার রহমান।

পারুলের চিৎকারে স্থানীয়রা এগিয়ে এলে মতিয়ার রহমান পালিয়ে যায়। পারুল ও মতিয়ার দম্পতির মিতা (২৪) ও রিতা (৮) নামে দুই কন্যা সন্তান রয়েছে। নিহত পারুলের মাথায় ও হাতে আঘাতের চিহ্ন রয়েছে।

নিহত পারুলের মেয়ে রিতা জানায়, মঙ্গলবার রাতে তার মাকে হত্যা করে বাবা। সে ফোন করে তার নানা বাড়িকে জানায়।

পারুলের ভাই মিজানুর রহমান জানান, পারিবারিক কলহের জেরে গত রাত

১২টার দিকে দুজনের মধ্যে ঝগড়া বাঁধে। এ সময় স্থানীয়রা সেটি মীমাংসা করে দেয়।

এর পর রাত সাড়ে ৩টার দিকে তার বোনকে পিটিয়ে ও কুপিয়ে হত্যা করে পালিয়ে যায় তার স্বামী। ছোট ভাগ্নি ফোন করে জানায় তার মাকে হত্যা করা হয়েছে।

কালীগঞ্জ থানার অফিসার ইনর্চাজ আব্দুর রহিম মোল্লা জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠিয়েছে। স্বামী মতিয়ার রহমানকে গ্রেফতারের চেষ্টা চলছে।

কুষ্টিয়ায় ফুজি আইসক্রিমের মালিককে ৪৫ হাজার টাকা জরিমানা

বিএসটিআইয়ের (বাংলাদেশ স্ট্যান্ডার্ডস্ অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন) কোনো অনুমোদন নেই। অথচ আইসক্রীমের মোড়কে তাদের লোগো রয়েছে। এভাবেই এসব আইসক্রীম বিপণন ও বাজারজাত করা হচ্ছে।

এ ছাড়া বিএসটিআইয়ের লাইসেন্স না থাকা সত্ত্বেও কোণ এবং চকবার আইসক্রিম তৈরি করা হচ্ছে, ফুজি রোবু ড্রিংকস এর ভেতরে কোন ভিটামিন না থাকা সত্ত্বেও প্যাকেটের গায়ে লেখা হচ্ছে ২৩% ভিটামিন সি রয়েছে।

কুষ্টিয়া শহরতলীর চৌড়হাসে ‘ফুজি আইসক্রীম’ নামের একটি প্রতিষ্ঠানের কারখানায় বুধবার দুপুরে অভিযান চালিয়ে এসব তথ্য পান জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। পরে প্রতিষ্ঠানের ব্যবস্থাপককে ৪৫ হাজার টাকা জরিমানা করে তা আদায় করা হয়।

অভিযানে নেতৃত্বৃ দেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় তিনি জানান, কুষ্টিয়ায় বিএসটিআইয়ের লাইসেন্স না থাকা সত্ত্বেও কোণ এবং চকবার আইসক্রিম তৈরি করা হচ্ছে, পাশাপাশি

বিএসটিআইয়ের লোগো ব্যবহার করা হচ্ছে এছাড়াও ফুজি রোবু ড্রিংকস এর ভেতরে কোন ভিটামিন না থাকা সত্ত্বেও প্যাকেটের গায়ে লেখা হচ্ছে ২৩% ভিটামিন সি রয়েছে।

অভিযানকালে কারখানার ভেতরে উৎপাদিত খাবারসামগ্রীর মোড়কে বিএসটিআইয়ের সিল দেখা গেছে। কিন্তু, প্রতিষ্ঠান পরিচালনায় নিয়োজিত ব্যক্তিরা এসংক্রান্ত কোনো অনুমোদনপত্র দেখাতে পারেননি।

এসব অভিযোগের ভিত্তিতে ফুজি আইসক্রিম এর কারখানা মালিককে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৪ ধারায় ৪৫ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেন জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা।

যুক্তরাষ্ট্রের ক্যানটাকি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করলেন ঝিনাইদহের ইমরান

যুক্তরাষ্ট্রের লেক্সিংটন সিটির বিখ্যাত ক্যানটাকি বিশ্ববিদ্যালয়ের (University of Kentucky) সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করলেন ঝিনাইদহের কৃতি ছাত্র জুবায়ের ইমরান।

তিনি সদর উপজেলার ডাকবাংলা বাজারের বিশিষ্ট কাপড় ব্যবসায়ি মোজাম্মেল বিশ্বাসের একমাত্র সন্তান। হরিনাকুন্ডু উপজেলার ৫নং কাপাশহাটীয়া ইউনিয়নের সাবেক ইউপি সদস্য রায়পাড়া ভাতুড়িয়া গ্রামের মরহুম সনজের আলী বিশ্বাসের পৌত্র।

জুবায়ের ইমরান যুক্তরাষ্ট্রের লেক্সিংটন সিটির বিখ্যাত ক্যানটাকি

বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সাইন্স বিভাগের সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন চলতি আগস্ট মাসে।

ছাত্র জীবনে জুবায়ের ইমরান অত্যন্ত মেধাবী ছাত্র ছিল, ২০০৫ সালে উত্তর নারায়নপুর মাধ্যমিক বিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগে এ প্লাস এবং ২০০৭ সালে যশোর ক্যান্টনমেন্ট কলেজ থেকে গোল্ডেন এ প্লাস পেয়ে উত্তীর্ণ হন। পরে তিনি রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সাইন্স বিভাগ থেকে ইন্জিনিয়ারিং পাশ করে ক্যালিফোনিয়ার স্ট্যাম্পফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে পোস্ট ডক্টরাল ডিগ্রি অর্জন করেন।

বর্তমানে তিনি আগস্ট-২০২২ থেকে ক্যানটাকি বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সাইন্স বিভাগের সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেন। তার পরিবারের পক্ষ থেকে ইমরানের সুস্বাস্থ্য ও আরও উত্তর উত্তর সমৃদ্ধি ও সফলতা কামনা করে সকলের নিকট দোয়া চেয়েছেন।

ঝিনাইদহে জাসদের বর্ধিত সভা অনুষ্ঠিত

ঝিনাইদহে জাসদের বর্ধিত সভা অনুস্ঠিত হয়েছে। গত মঙ্গলবার বিকালে শহরের উজির আলী হাই স্কুল এন্ড কলেজের মিলনায়তনে জেলা জাসদের উদ্যোগে এই সভা অনুষ্ঠিত হয়।

জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্ত্তী’র সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাসদের স্থায়ী কমিটির সদস্য ও কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারন সম্পাদক ওবায়দুর রহমান চুন্নু। এছাড়া জেলা জাসদের সাধারন সম্পাদক ও জাতীয় যুব জোট কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারন সম্পাদক শামীম আকতার বাবু, মাগুরা জেলা জাসদের সহ সভাপতি মিয়া ওয়াহিদ কামাল বাবলু, যশোর জেলা জাসদের সাংগঠনিক সম্পাদক শরীফ আহমেদ বাপ্পি, ঝিনাইদহ জেলা জাসদের যুগ্ম সাধারন সম্পাদক আজিজ খান, জেলা জাসদের দফতর সম্পাদক অধ্যাপক শাহানুর আলম, ঝিনাইদহ সদর উপজেলা জাসদের সাধারন সম্পাদক মনিরুজ্জামান উজ্জল, জাসদ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সহ

সম্পাদক বিদ্যুৎ হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সভার সঞ্চালনায় ছিলেন ঝিনাইদহ জেলা জাসদের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক।

বর্ধিত সভায় প্রধান অতিথি ওবায়দুর রহমান চুন্নুসহ অন্যান্য বক্তারা বলেন, জ্বালানী তেল ও সারের বর্ধিত মূল্য প্রত্যাহারের কোন বিকল্প নেই। জ্বালানী তেলের দাম বাড়ার সাথে সাথে দেশের সব কিছুর দাম বেড়েছে। দ্রব্যমূল্যের মূল্যস্ফিতি এমন পর্যায়ে গেছে যা মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছে। এই মূহুর্তে জ্বালানী তেলের মূল্যবৃদ্ধি প্রত্যাহরসহ নিত্যপণ্যের দাম কমিয়ে কৃষক, শ্রমিক মেহনতি মানুষের ক্রয় সীমার মধ্যে আনতে হবে।

কুষ্টিয়ায় ডা: লিজা-ডা: রতন ম্যাটসের আয়োজনে বঙ্গমাতার জন্মবার্ষিকীর আলোচনা সভা

কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি চৌধুরী মুর্শেদ আালম মধু বলেছেন, দেশের জন্য অসামান্য অবদান রাখা একজন মহিয়সী ব্যক্তিত্ব ছিলেন বঙ্গমাতা বেগম ফজিলাতুননেছা মুজিব। তার কাছ থেকে আমাদের শিখতে হবে। ব্যক্তি জীবনে ও রাজনীতিতে বঙ্গমাতাকে স্মরণের মধ্য দিয়ে আমরা উপকৃত হতে পারি, শিক্ষা নিতে পারি।

বুধবার (১০ আগষ্ট) সকালে কুষ্টিয়ার ডা: তোফাজ্জুল হেলথ এন্ড ডায়াগনষ্টিক সেন্টারের ৫ম তলায় ডা: লিজা-ডা: রতন ম্যাটসের আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী, মহীয়সী নারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবের ৯২তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, বঙ্গমাতা বেগম ফজিলাতুননেছা মুজিব শুধু একজন সার্থক নারীই ছিলেন না, তিনি ছিলেন একজন সার্থক দেশপ্রেমিক। তিনি ছিলেন

একজন সার্থক মা, একজন সার্থক স্ত্রী।

বঙ্গমাতা থেকে বর্তমান প্রজন্মকে রাজনীতি এবং মানবিকতা শিখতে হবে বলে উল্লেখ করে তিনি আরও বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শেখ মুজিব থেকে বঙ্গবন্ধু হয়ে ওঠার পেছনে অনবদ্য অবদান রেখেছিলেন বেগম ফজিলাতুন নেছা মুজিব। তিনি অনুপ্রেরণা, ভালোবাসা, শক্তি ও সাহস দিয়ে বঙ্গবন্ধুকে সামনে এগিয়ে নিয়ে গেছেন।

ডা: লিজা-ডা: রতন ম্যাটসের অধ্যক্ষ ডা: আমিনুল হক রতনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সদর থানা আওয়ামীলীগের সভাপতি এ্যাড. আ স ম আক্তারুজ্জামান মাসুম, ডা: লিজা-ডা: রতন ম্যাটসের চেয়ারম্যান ডা: আসমা জাহান লিজা, কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সদস্য হাবিবুল হক পুলক, ইসলামী বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ডিভিশন ও পরিকল্পনা পরিচালক ড. মো: নওয়াব আলী খান ও বাংলাদেশ ভারত সম্প্রীতি পরিষদের কেন্দ্রীয় কমিটির সদস্য ও কুষ্টিয়া জেলা শাখার সাধারণ সম্পাদক বাবু নিতাই কুমার কুন্ডু প্রমুখ।

সভাপতির বক্তব্যে ডা: লিজা-ডা: রতন ম্যাটসের অধ্যক্ষ ডা: আমিনুল হক রতন বলেন, সমকালীন ইতিহাসের বিপ্লবী নেতা বঙ্গবন্ধুর সহধর্মিনী হয়েও বঙ্গমাতা বেগম ফজিলাতুননেছা মুজিব আড়ালে থাকা প্রচারবিমুখ মানুষ ছিলেন। তিনি অতি সাধারণ জীবনযাপন করতেন। তিনি ছিলেন স্বল্পভাষী। কিন্তু তিনি ছিলেন অসীম সাহস ও দৃঢ় মানসিক শক্তির মানুষ। তাকে কখনও নতজানু করা যায়নি। বঙ্গবন্ধু কারাগারে থাকার সময় নিশ্চিত মৃত্যুর মুখোমুখি হয়েও তিনি দুই ছেলেকে মুক্তিযুদ্ধে পাঠিয়েছেন। বঙ্গমাতা এতটাই দৃঢ়চেতা, আত্মবিশ্বাসী ও সাহসী মানুষ ছিলেন। তিনি দেশের জন্য যে কাজ করেছেন তা সামনে থাকা অনেক মানুষ করতে পারে না।

পরে দোয়া মোনাজাত পরিচালনা করা হয়।

মেহেরপুরে পুলিশের অভিযানে পরোয়ানাভূক্ত ২ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ২ আসামি গ্রেফতার হয়েছে।

এরা হলেন, মেহেরপুর সদর থানার বামনপাড়া গ্রামের জবান আলী শেখের ছেলে ছলিম উদ্দীন ওরফে কটা (৪৩) ও গাংনী উপজেলার ব্রজপুর গ্রামের আহাদ আলীর ছেলে মইদুল ইসলাম (৪৫)।

মঙ্গলবার দিবাগত মধ্যরাতে পুলিশের পৃথক দুটি অভিযানে এই দুই আসামি গ্রেফতার হয়।

গাংনী থানা ও সদর থানার ডিউটি অফিসার এ তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে জেলা জাতীয় পার্টির বিক্ষোভ সমাবেশ ও মিছিল

ডিজেল,পেট্রোল, অকটেনসহ সকল জ্বালানি তেল ও দ্রব্যমূলের উর্ধ্বগতির প্রতিবাদে মেহেরপুর জেলা জাতীয় পার্টির বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বিকেল ৫ টার দিকে কাথুলী বাসস্ট্যান্ড এলাকায় মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় চত্বরে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য সচিব সুমন পারভেজের

সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হাদী। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, পৌর জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল মান্নান। এছাড়াও কুতুবপুর ইউনিয়ন জাতীয় পার্টির সভাপতি মিঠু হাসান, শ্যামপুর ইউনিয়ন জাতীয় পার্টির যুগ্ম আহ্বায়ক রাইহান বিশ্বাস প্রমুখ বক্তব্য রাখেন। এসময় জেলা জাতীয় পার্টির অন্যান্য নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল জেলা জাতীয় পার্টির কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়।